

সোনালী ব্যাংক লিমিটেড
ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশন
লোকাল কারেন্সী ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়, ঢাকা

প্রধান কার্যালয় পরিপত্র নম্বর-৫৭১

নং-টিএমডি(এলসিএমডি)/৫২

তারিখ : ২৩ মার্চ, ২০১৪

০৯ চৈত্র, ১৪২০

জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার/প্রিন্সিপাল/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার/
প্রধান কার্যালয়ের সকল বিভাগ/স্টাফ কলেজ/সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/স্থানীয় কার্যালয়/
সকল প্রিন্সিপাল অফিস/সকল আঞ্চলিক কার্যালয়/
সকল ট্রেনিং ইন্সটিটিউট/
সকল কর্পোরেট শাখা/সকল শাখা
সোনালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ।

বিষয় :- আমানতের সুদের হার পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।


আমানতের সুদ হার সংক্রান্ত প্রধান কার্যালয়ের পরিপত্র নম্বর-৫৫৮৩ ও ৫৬৪ এবং ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশনের পত্র নং-টিএমডি(এলসিএমডি)/২৯ ও ৪১ তারিখ যথাক্রমে ১০ ফেব্রুয়ারী এবং ২৭ ফেব্রুয়ারী ২০১৪ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে প্রচলিত সুদ হার ও তদসংক্রান্ত যাবতীয় নীতিমালা অপরিবর্তিত রেখে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্থায়ী আমানতের সুদ হারের আংশিক পরিবর্তন করা হয়েছে, যা ০১ এপ্রিল ২০১৪ তারিখ হতে কার্যকর হবে।


ক্রঃনং	আমানতের বিবরণ	বিদ্যমান সুদ হার	পুনঃনির্ধারিত সুদ হার
১.০০	সঞ্চয়ী আমানত : ক) শহরাঞ্চল খ) পল্লী অঞ্চল গ) ফরেন রেমিটেন্স হতে প্রাপ্ত : i) শহরাঞ্চল ii) পল্লী অঞ্চল	৫.৭৫% ৬.৭৫% ৫.৭৫% ৬.৭৫%	৫.৭৫% ৬.৭৫% ৫.৭৫% ৬.৭৫%
২.০০	স্বল্পমেয়াদী আমানত ক) ১ কোটি টাকার কম - খ) ১ কোটি ও তদুর্ধ্ব কিন্তু ২৫ কোটি টাকার কম গ) ২৫ কোটি ও তদুর্ধ্ব কিন্তু ৫০ কোটি টাকার কম ঘ) ৫০ কোটি ও তদুর্ধ্ব কিন্তু ১০০ কোটি টাকার কম ঙ) ১০০ কোটি ও তদুর্ধ্ব	৫.০০% ৫.২৫% ৫.৫০% ৫.৭৫% ৬.০০%	৫.০০% ৫.২৫% ৫.৫০% ৫.৭৫% ৬.০০%
৩.০০	স্থায়ী আমানত গ) ৩ মাস এবং তদুর্ধ্ব কিন্তু ৬ মাসের কম ঘ) ৬ মাস এবং তদুর্ধ্ব কিন্তু ১ বছরের কম ঙ) ১ বছর এবং তদুর্ধ্ব কিন্তু ২ বছরের কম চ) ২ বছর এবং তদুর্ধ্ব কিন্তু সর্বোচ্চ ৩ বছর	৯.০০% ৯.৫০% ১০.০০% ১০.৫০%	৮.৫০% ৯.০০% ৯.৫০% ১০.০০%
		৬ মাস ও তদুর্ধ্ব কিন্তু ২ বছরের কম মেয়াদে ১.০০ কোটি ও তদুর্ধ্ব অংকের স্থায়ী আমানত গ্রহণের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের কার্যোত্তর অনুমোদন সাপেক্ষে ০১ মার্চ ২০১৪ তারিখ হতে ১০.৫০% সুদ হারে আমানত গ্রহণ করা যাবে।	৩ মাস ও তদুর্ধ্ব কিন্তু ২ বছরের কম মেয়াদে ১.০০ কোটি ও তদুর্ধ্ব অংকের স্থায়ী আমানত গ্রহণের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের কার্যোত্তর অনুমোদন সাপেক্ষে ০১ এপ্রিল ২০১৪ তারিখ হতে ১০.০০% সুদ হারে আমানত গ্রহণ করা যাবে।

বিঃদ্রঃ স্থায়ী আমানতের অটো নবায়ন সংক্রান্ত বিদ্যমান নিয়মে যে মেয়াদের জন্য আমানত হিসাব খোলা হয়েছে সেই মেয়াদে অটো নবায়নের বিধান রহিত করে সর্বনিম্ন স্ল্যাভে(বর্তমানে ৩ মাস মেয়াদে) অটো নবায়ন করা যাবে।

উপরোক্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। এতদ্বিষয়ে কোনরূপ ব্যাখ্যার প্রয়োজন হলে তাত্ক্ষণিকভাবে এই বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(স্ম. ন. ম. মাসরুরুল হুদা সিরাজী)
জেনারেল ম্যানেজার


(স্বপন কুমার সাহা)
ডেপুটি জেনারেল ম্যানেজার